

গবাদিপশু হুস্তপুস্তকরনের জন্য স্টেরয়েড বা হরমোন জাতীয় ঔষধ ব্যবহার করা থেকে বিরত থাকা
সংক্রান্ত

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গরু হুস্তপুস্তকরন এর জন্য স্টেরয়েড (ডেক্সামিথাসন/পেরিয়াকটিন) ট্যাবলেট/ইনজেকশন বা হরমোন জাতীয় ঔষধ গো-খাদ্যের সাথে বা অন্যভাবে ব্যবহার “মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০” অনুযায়ী সম্পূর্ণ নিষিদ্ধ এবং শাস্তি যোগ্য অপরাধ। উক্ত ঔষধ ব্যবহারে হুস্তপুস্তকৃত গরুর মাংস মানব দেহে বিভিন্ন রোগ যেমন ক্যান্সার, কিডনিজনিত রোগ সৃষ্টিসহ মানব স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর। সুতরাং এ ধরনের কাজে লিপ্ত না হওয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো। তৎসত্ত্বেও কারো বিরুদ্ধে যদি (খামারী/ঔষধ বিক্রেতা/পল্লী চিকিৎসক) এ ধরনের কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায় তবে “মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০” অনুযায়ী উক্ত ব্যক্তি অনুরূপ অপরাধের জন্য অনূর্ধ্ব এক বৎসরের কারাদণ্ড, বা অনূর্ধ্ব ৫০,০০০/- টাকা পর্যন্ত অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

এ ব্যাপারে তথ্য প্রদানের মাধ্যমে সহযোগিতা এবং জনসচেতনতা গড়ে তোলার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু হুস্তপুস্তকরনের প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

প্রয়োজনেঃ ০১৩২৪-২৯০৪৪৪



১৫/০৫/২০২৩

ডা. সুদেব কুমার দাস

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

মধুখালী, ফরিদপুর

প্রচারেঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মধুখালী,
ফরিদপুর।